# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

## জনসংযোগ শাখা, চট্টগ্রাম

মোবাইল: ০১৮১৯-৯৩০৪৮৮

তারিখ: ২৭.০১.২০২৫

**প্রেস বিজ্ঞপ্তি**

### শীতার্তদের সহায়তায় এগিয়ে আসুন: মেয়র ডা. শাহাদাত

শীতার্ত দরিদ্র জনগণের সহায়তায় সমাজের বিত্তবানদের এগিয়ে আসার আহবান জানিয়েছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন। সোমবার (২৭ জানুয়ারী) পাথরঘাটা বালিকা উচ্চ বিদ্যালয় প্রাঙ্গনে মরহুম আব্দুর রাজ্জাক ফাউন্ডেশনের উদ্যোগে আয়োজিত শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ আহবান জানান মেয়র। অনুষ্ঠানে মেয়র শীতার্ত মানুষদের পাশে দাঁড়ানোর প্রয়োজনীয়তার কথা তুলে ধরেন। তিনি বলেন, মরহুম আব্দুর রাজ্জাক ফাউন্ডেশনের মতো অন্যান্য সংগঠন যদি এভাবে কাজ করে, তবে সমাজে মানবিক মূল্যবোধ আরও দৃঢ় হবে।"প্রতি বছর তীব্র শীতে অনেক মানুষ প্রাণ হারান এবং অসুস্থ হয়ে পড়েন। এই পরিস্থিতিতে সমাজের বিত্তবান শ্রেণির উদ্যোগ শীতার্তদের বাঁচাতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। শীতবস্ত্র বিতরণের মতো কার্যক্রম দরিদ্র ও অসহায় মানুষের দুর্ভোগ লাঘবে সহায়ক হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। এই উদ্যোগ সমাজের সবার মধ্যে মানবিকতা জাগ্রত করে এবং দরিদ্র মানুষের প্রতি দায়িত্বশীল হতে উদ্বুদ্ধ করে। মানবিক সমাজ গঠন সম্পর্কে মেয়র ডা. শাহাদাত হোসেন বলেন, "মানবিক মূল্যবোধ, সহমর্মিতা এবং একে অপরের প্রতি দায়িত্ববোধের ভিত্তিতেই একটি সত্যিকারের মানবিক সমাজ গড়ে ওঠে। সমাজের বিত্তবানদের শীতার্ত, দরিদ্র এবং অসহায় মানুষের পাশে দাঁড়ানো উচিত। এতে শুধু শীতার্তদের কষ্ট লাঘব হবে না, বরং সমাজে সমতার ভিত্তি শক্তিশালী হবে।"প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন, সিটি কর্পোরেশনের মেয়র হিসেবে হিসাবে আমি আপনাদের সেবা দেওয়ার জন্য গত তিন মাস ধরে আমি ওয়ার্ড ওয়ার্ডে ঘুরে নগরবাসীর সমস্যাগুলো সরাসরি পর্যবেক্ষণ করছি। আপনাদের যাতে নিয়মিত নগর সেবা নিশ্চিত হয় এবং আপনাদের এখানে ড্রেনেজ সিস্টেম যাতে ভালো থাকে পরিষ্কার-পরিচ্ছন্ন যাতে থাকে সেজন্য সচেষ্ট আছি। আগামী তিন মাস পর বর্ষাকাল। জলাবদ্ধতার নিরসনের জন্য সর্বোচ্চ চেষ্টা করে যাচ্ছি। এসময় মেয়র ঘোষণা দেন, বিদ্যালয়ের পাশের ফাঁকা জায়গায় নারীদের হাঁটার জন্য সুন্দর পরিবেশ তৈরি করা হবে। ৩৪ নং পাথরঘাটা ওয়ার্ডের সাবেক ওয়ার্ড কাউন্সিলর মোহাম্মদ ইসমাইল বালি এর সভাপতিত্বে শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন কাজী বাহাউদ্দীন ফারুক মুন্না, বিশেষ অতিথি বিএনপি নেতা মোহাম্মদ হাসান, হাজী মোহাম্মদ এম এ তালেব, আনোয়ার,মামুন, আব্দুল হামিদ, বিক্রম, যুবদলের জাহেদ, সেলিম, সাইফুল, প্রবাল, সাইফুল, মান্নান, মানিক, জাহাঙ্গীর মোতালেব হোসেন, তুহিন, নাদিম ইকবাল,রনি, হেলাল, শের মোহাম্মদ ,রুবেল, স্বেচ্ছাসেবক দলের নেতা জসিম, মনির, মুরাদ , আরিফ, বক্কর, বাবুল, ছাত্রদলের মোহাম্মদ মারুফ, বদরুল ঋত্বিক, রোহিত, শাকিল, কাশমির, মুন্না, ইমন, রাকিব, শ্রমিকদল নেতা মোহাম্মদ ইউনুছ, আব্দুল মান্নান, নুরুল আলম, ইলিয়াছ, ইউনুছ, মৎস্যজীবীদলের জহির আহমদ, বিক্রমসহ প্রমুখ।

### জলাবদ্ধতা নিরসণে কার্যকর ভূমিকা রাখতে হবে: মেয়র ডা. শাহাদাত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র ডা. শাহাদাত হোসেন বলেছেন, চট্টগ্রামে জলাবদ্ধতা সমস্যা সমাধানে বর্ষাকালের আগেই দ্রুত এবং কার্যকর উদ্যোগ নিতে হবে। সোমবার পরিচ্ছন্ন ও প্রকৌশল বিভাগের সমন্বয় সভায় তিনি এই নির্দেশ দেন তিনি। সভায় তিনি বলেন, জলাবদ্ধতার জন্য নির্ধারিত হটস্পটগুলোতে আগামী বুধবারের মধ্যেই খনন কাজ শুরু করতে হবে।মেয়র ডা. শাহাদাত বলেন, "জলাবদ্ধতা নিরসনে হুইল স্কেভেটরসহ প্রয়োজনীয় যন্ত্রপাতির যে ঘাটতি রয়েছে তা দ্রুত পূরণ করতে হবে। আমরা ইতোমধ্যে ৫ কোটি টাকা ব্যয়ে দুটি ব্যাকহোলোডার গাড়ি সংগ্রহ করেছি। ব্যবসা প্রতিষ্ঠানগুলোতে ৪০ হাজার বিন বিতরণের উদ্যোগ নেয়া হয়েছে। আমি ওয়ার্ডগুলোতে নিয়মিত মনিটরিং করছি।"যেসব যন্ত্রপাতি সংস্কারের অভাবে অচল হয়ে পড়েছে, সেগুলো মেরামত করে পুনরায় ব্যবহার উপযোগী করতে হবে।কিছু এলাকায় রাস্তাঘাট ভাঙ্গা থাকায় যেগুলো মানুষ জায়গায় হাটতে পারছে না। অনেক জায়গায় ওয়াসা রাস্তা খনন করে রেখেছে সেখানে আমরা কাজ করতে পারছি না। ক'মাস পরেই বর্ষাকাল কাজেই এই ফেব্রুয়ারি মার্চের মধ্যে যতটুক কাজ করা যায় ততটুক এর মধ্যে করতে হবে। সড়ক সংস্কারে ভালো মানের বিটুমিনসহ নির্মাণ সামগ্রী ব্যবহার করতে হবে। "সভায় শীতকালীন মশার উপদ্রব কমাতে কার্যকর ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেন মেয়র। তিনি বলেন, "মশা নিয়ন্ত্রণে নিয়মিত মশার ওষুধ স্প্রে করতে হবে এবং পরিচ্ছন্নতার মাধ্যমে পরিবেশের উন্নয়ন ঘটাতে হবে।"প্রতিটি আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাকে নালা পরিষ্কারের জন্য ২০ জন করে পরিচ্ছন্ন কর্মী বরাদ্দ দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হয় সভায়। এ উদ্যোগের মাধ্যমে নালা পরিষ্কারের কাজ দ্রুত সম্পন্ন করা হবে বলে আশা করা হচ্ছে।সভার সময় উপস্থিত ছিলেন চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম, সচিব মো. আশরাফুল আমিন, প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা কমান্ডার ইখতিয়ার উদ্দিন আহমেদ চৌধুরী, প্রধান প্রকৌশলী মোহাম্মদ আবুল কাশেমসহ পরিচ্ছন্ন ও প্রকৌশল বিভাগের অন্যান্য কর্মকর্তাবৃন্দ। সভায় নগরীর জলাবদ্ধতার উপর মতামত দেন সমাজকর্মী শাহরিয়ার খালেদ।

সভার আলোচনায় অংশ নিয়ে সংশ্লিষ্ট কর্মকর্তারা তাদের বিভাগীয় প্রতিবন্ধকতা এবং সমাধানের প্রস্তাবনা তুলে ধরেন। মেয়র কার্যকর উদ্যোগ নেওয়ার ওপর গুরুত্বারোপ করে বলেন, "পরিকল্পনাগুলো দ্রুত বাস্তবায়ন করে নগরবাসীর দুর্ভোগ লাঘব করতে হবে।" এমন উদ্যোগের মাধ্যমে চট্টগ্রামে জলাবদ্ধতা সমস্যার স্থায়ী সমাধানের আশা করছেন সংশ্লিষ্টরা।

## চসিকের ভ্রাম্যমান আদালত পরিচালনা
## চসিকের ভেজালবিরোধী অভিযানসহ ৪ ব্যক্তিকে ১ লক্ষ টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট চৈতী সর্ববিদ্যা এর নেতৃত্বে আজ নগরীতে ভেজাল বিরোধী অভিযান পরিচালিত হয়। অভিযানকালে অস্বাস্থ্যকর নোংরা পরিবেশে বেকারী পণ্য প্রস্তুত ও বিক্রি করা এবং মেয়াদ বিহীন খাদ্যপণ্য সংরক্ষণ করা ও বিভিন্ন রাসায়নিক ব্যবহার করার অপরাধে নগরীর গরীব উল্লাহ হাউজিং সোসাইটিতে হোম রেসিপি ফুডসকে ৬০ হাজার ও ওয়াসা মোড়ের ডুলছে বেকারীকে ২০ হাজারসহ মোট ৮০ হাজার টাকা জরিমানা করা হয়। অপর অভিযানে স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন এর নেতৃত্বে আরকান সড়কের কাপ্তাই রাস্তার মাথা থেকে কাজীরহাট, কামাল বাজার, মৌলভী বাজার ও কালুরঘাট ব্রীজ পর্যন্ত রাস্তার উভয়পার্শ্বের ফুটপাতের অবৈধ দোকানপাট / স্থাপনা উচ্ছেদ করা হয়। এই সময় রাস্তার নির্মাণ সামগ্রী রেখে চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি করার অপরাধে ২ ব্যক্তিকে ২০ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটদ্বয়কে সহায়তা প্রদান করেন।

## চট্টগ্রামে সিএনজি চালকদলের মাঝে শীতবস্ত্র বিতরণকালে ডা. শাহাদাত হোসেন
## যাত্রীদের ময়লা বাইরে ফেলতে দিবেন না, গাড়িতে রাখতে বলবেন

চট্টগ্রাম সিটি করপোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন বলেছেন, একজন গাড়ি চালক যখন যাত্রীকে বলবেন, স্যার বোতল টিস্যু বাইরে ফেলিয়েন না। গাড়িতে রাখলে আমি পরে ফেলে দিব। এ একটি কথা যাত্রীকে চিন্তায় ফেলে দিবে। তখন ওই যাত্রী ভাববেন, একজন চালক আমাকে নগর সুন্দরের বিষয়টি সচেতন করার জন্য বলছে। এটা আমার (যাত্রী) জন্য একটি শিক্ষা।

তিনি সোমবার (২৭ জানুয়ারি) বিকেলে নগরীর লালদিঘীর পাড়স্থ চসিক লাইব্রেরী মিলনায়তনে চট্টগ্রাম মহানগর সিএনজি চালকদলের সদস্যদের মাঝে শীতবস্ত্র বিতরণকালে এসব কথা বলেন।তিনি বলেন, বেশিরভাগ গাড়ি থেকে দেখা যায়, সেখানে থাকা যাত্রীরা তাদের কাছে থাকা প্লাস্টিকের বোতলসহ যেকোনো কিছু বাইরে ফেলে। সেটা সিএনজি, বাস বা রিকশা; যেকোনো যাত্রীরাই এমনটি করে থাকেন। তাই চালকদের একটা বিশাল ভূমিকা রাখতে হবে নগরকে সুন্দর করার কাজে।নগর সুন্দরে যাত্রীদের সাহস করে কথা বলতে হবে জানিয়ে তিনি আরো বলেন, অনেকেই সাহস করে যাত্রীদের বলতে পারেন না। যদি কোনো চালক যাত্রীদের বলতে পারেন যে, স্যার গাড়ি থেকে বাইরে জিনিস ফেললে শহরটা অসুন্দর হয়ে যাচ্ছে। আপনি নিচে রাখেন আমি (চালক) ফেলবো। আমরা এভাবে জনগণকে সচেতন করতে পারি। আর একজন যাত্রী গাড়িতে ওঠার পর এটা শুনে চিন্তা করবে একজন চালক আমাকে নগর সুন্দরের বিষয়টি সচেতন করার জন্য বলছে।

তিনি বলেন, যদিও অনেক সময় চালকরা কড়াভাবে বলেন। তবে আপনারা যাত্রীদের সুন্দরভাবে বুঝিয়ে বলবেন। কারণ, বোতল প্লাস্টিক থেকে শুরু করে সব ধরনের ময়লা আর্বজনা নালায় যাওয়া মানে জলাবদ্ধতা সৃষ্টি করা। কারণ এসব নালায় পড়ে বলেই জলাবদ্ধতা হয়। বর্ষাকালে জলাবদ্ধতা যখন হবে, তখন কিন্তু এসবের কারণেই হয়ে থাকে।চসিক মেয়র বলেন, আমরা যদি এখন থেকে সতর্ক না হয় তাহলে বর্ষাকালে গাড়ি চালাতে সমস্যা হবে। আপনাদের (চালক) অনেক সময় উপোস থাকতে হয়। তাই নগরকে সুন্দর ও জলাবদ্ধতার হাত থেকে বাঁচাতে সবাইকে প্রয়োজনীয় ভূমিকা রাখতে হবে। এসময় তিনি চালকদের ভোটার হওয়ার পরামর্শ দেন। মহানগর সিএনজি চালক দলের সভাপতি নুর মিয়া মধুর সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক মোহাম্মদ শিপনের পরিচালনায় এতে উপস্থিত ছিলেন মহানগর বিএনপির যুগ্ম আহবায়ক ইয়াছিন চৌধুরী লিটন, আহবায়ক কমিটির সদস্য গাজী মো. সিরাজ উল্লাহ, মো. কামরুল ইসলাম, সাবেক দপ্তর সম্পাদক মো. ইদ্রিস আলী, মহানগর স্বেচ্ছাসেবক দলের সাংগঠনিক সম্পাদক জিয়াউর রহমান জিয়া, মহিলাদলের আরজুন্নাহার মান্না, চালকদলের সি. সহ সভাপতি মো.জহির, সহ সভাপতি মো. খোকন, মো. কবির, মো. ইদ্রিছ, যুগ্ম সম্পাদক মো. নুর নবী, মো. মানিক, সাংগঠনিক সম্পাদক জামাল উদ্দিন প্রমূখ।

**স্বাক্ষরিত/-**
**(আজিজ আহমদ)**
**জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা**
**চট্টগ্রাম সিটি কর্পোরেশন।**
**মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮**